



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”



৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩০.১৬-৬৩

তারিখঃ ১১/০৭/২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩) এর কার্যক্রম ৬৪ টি জেলার ২০০ উপজেলার ৬০০ টি ইউনিয়নে জুলাই'২০১৫ থেকে জুন'২০২০ মেয়াদে সম্প্রসারিত আকারে বাস্তবায়িত হচ্ছে। সূচনালগ্নে থেকে লিংক মডেল বিআরডিবি'র একটি সফল প্রকল্প হিসেবে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রম জোরদারকরণ, গতিশীলতা আনয়ন ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের সদর কার্যালয় ও এলএমটিসি'র কর্মকর্তাদের নিয়ে নিম্নোক্তভাবে মনিটরিং টিম গঠন করা হলোঃ

ক্রঃ নং	পদবী	দায়িত্বপ্রাপ্ত অঞ্চল/ জেলার নাম
০১.	প্রকল্প পরিচালক	- টিম লিডার
০২.	উপপরিচালক, এলএমটিসি, টাঙ্গাইল	- মনিটরিং কর্মকর্তা
০৩.	উপপরিচালক, এলএমসি, ঢাকা	- মনিটরিং কর্মকর্তা
০৪.	জনাব মোঃ জহিরুল হক, সহকারী পরিচালক, এলএমসি, ঢাকা	- মনিটরিং কর্মকর্তা
০৫.	বেগম সোমা আক্তার, সহকারী পরিচালক, এলএমটিসি, ঢাকা	- মনিটরিং কর্মকর্তা
০৬.	জনাব মোঃ সোহেল রানা, সহকারী পরিচালক, এলএমসি, ঢাকা	- মনিটরিং কর্মকর্তা

পরিবীক্ষণ (Monitoring) কর্মকর্তাদের কর্মপরিধিঃ

- প্রত্যেক পরিবীক্ষণ (Monitoring) কর্মকর্তা নিয়মিতভাবে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত বিভাগের আওতাভুক্ত জেলা ও উপজেলার সংশ্লিষ্টদের সাথে টেলিফোনে কথা বলে প্রকল্পের সার্বিক কর্মকাণ্ডের অগ্রগতি সম্পর্কে অবহিত হবেন এবং তথ্য সংগ্রহ করবেন। উক্ত তথ্যের ভিত্তিতে প্রকল্প পরিচালকের নিকট সপ্তাহ অন্তে সংক্ষিপ্ত প্রতিবেদন দাখিল করবেন।
- পরিবীক্ষণ (Monitoring) কর্মকর্তাগণ মাসে অন্ততঃ মাসে ০১ (এক) বার তাঁদের দায়িত্ব প্রাপ্ত এলাকা পরিদর্শন করবেন, প্রকল্পের কার্যক্রম সম্পর্কে খোঁজ খবর নিবেন এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকল্প পরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করবেন।
- পরিবীক্ষণ (Monitoring) কর্মকর্তাগণ পরিদর্শনকালে জেলার উপপরিচালক, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে যোগাযোগ/ সাক্ষাৎ করার চেষ্টা করবেন।
- পরিবীক্ষণ (Monitoring) কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা বদলী হলে স্থলাভিষিক্ত কর্মকর্তার উপর স্বয়ংক্রিয়ভাবে পূর্ববর্তী কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত বিভাগাধীন জেলা ও উপজেলার দায়িত্ব বর্তাবে।

এ আদেশ প্রকল্পের স্বার্থে জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

১১.৭.১৮

মোঃ আবু সালেক
প্রকল্প পরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।

তারিখঃ ১১/০৭/২০১৮ খ্রিঃ

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩০.১৬-৬৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- উপপরিচালক, বিআরডিবি, জেলা (সকল)।
- উপপরিচালক, পিআরডিপি-৩, বিআরডিবি, এলএমটিসি, টাঙ্গাইল।
- জনাব সহকারী পরিচালক, পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা/ এলএমটিসি, টাঙ্গাইল।
- উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা, জেলা।
- হিসাব রক্ষণ কর্মকর্তা, পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।
- ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার, পিআরডিপি-৩, বিআরডিবি, উপজেলা, জেলা।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- অফিস কপি।

১১.৭.১৮

সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক
পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।